দৈনিক ইনকিলাব

৪৭

তারিখ ... AUG. 23 1999
পৃষ্ঠা ৮ কলাম ৮

# দিনাজপুর সরকারী কলেজে একাদশ শ্রেণীতে ভর্তি বন্ধ

দিনাজপুর অফিস ঃ ছাত্র বিক্ষোভের মুখে ১৯৯৭ সালে জারি করার পরপরই স্থগিত করা সার্কুলারের ভিত্তিতে দিনাজপুর সরকারী কলেজে একাদশ শ্রেণীতে ছাত্র-ছাত্রী ভর্তি বন্ধ রাখা হয়েছে। সরকার কর্তৃক বিকল্প ব্যবস্থা না নেয়ায় ছাত্র-ছাত্রী ভর্তি বন্ধ রাখার প্রতিবাদে ছাত্র-ছাত্রীরা বিক্ষোভ মিছিল বের করে।

জানা গেছে, ১৯৯৭ সালে সরকার সিদ্ধান্ত নেয়, যে সব কলেজে অনার্স ও মাস্টার্স ডিগ্রী কোর্স চালু আছে সে সব কলেজে একাদশ শ্রেণীতে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে না। ছাত্র বিক্ষোভের মুখে সেই সিদ্ধান্ত স্থগিত করা হয়। পরবর্তীতে যে সব শহরে একাধিক সরকারী কলেজ রয়েছে সে সব শহরে অনার্স কলেজগুলোতে একাদশ শ্রেণীতে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে না। দিনাজপুরে দু'টি সরকারী কলেজ রয়েছে। এর মধ্যে একটি মহিলা কলেজ। দু'টি কলেজেই অনার্স কোর্স চালু রয়েছে। এই অবস্থায় সরকারী কলেজ স্টাফ কাউন্সিল একাদশ শ্রেণীতে ছাত্র-ছাত্রী ভর্তি না করার সিদ্ধান্ত নিয়েছে মর্মে খবর প্রকাশ হলে ছাত্র-ছাত্রীরা বিক্ষোভে ফেটে পড়ে। উল্লেখ্য, এসএসসির রেজাল্ট বের হওয়ার এক মাসের বেশী সময় হলেও দিনাজপুর সরকারী কলেজে ভর্তি ফরম বিক্রি শুরু হয়নি।